

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।


স্মারক নং- এসএসসি/এইচএসসি/ভোকেশনাল/প্রকল্প/১৩৬/৯৮/১২৪২


তারিখ : ০২ /০৮/২০১৬ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরবীন ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজের চীফ ইন্সট্রাক্টর (মেশিনিষ্ট) ও একাডেমিক ইনচার্জ জনাব মোশারফ আলী খান ইউসুফজাই গত ০৪/০৮/২০১৬খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকার সময় ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজে তার সভাপতিত্বে এক সাধারণ সভা করেন। উক্ত সভায় প্রতিষ্ঠানের সকল শিক্ষক-কর্মচারী উপস্থিত ছিল মর্মে প্রেরিত কার্যপত্র দৃষ্টে দেখা যায়।

- ২) প্রতিষ্ঠানে অনুমোদিত ক্লাস রুটিন অনুযায়ী ঐ সময় বিভিন্ন শ্রেণীতে পাঠদানের জন্য নির্ধারিত ছিল। কিন্তু ক্লাস টাইমে পাঠদান না করে সভা অনুষ্ঠান করা সম্পূর্ণ বেআইনী।
- ৩) তার/তাদের উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মকর্তা ও কর্মচারী (আচরন) বিধি ১৯৭৯-এর পরিপন্থী।
- ৪) এমতাবস্থায়, কেন তার/তাদের বিরুদ্ধে সরকারি কর্মকর্তা ও কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক আইনানুগ ব্যবস্থা নেয়া হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো।


(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর



প্রাপক : জনাব মোশারফ আলী খান ইউসুফজাই
চীফ ইন্সট্রাক্টর (মেশিনিষ্ট) ও একাডেমিক ইনচার্জ
ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজ, কিশোরগঞ্জ।

অনুলিপি:

- ১। অধ্যক্ষ, ভৈরব টেকনিক্যাল স্কুল ও কলেজ, কিশোরগঞ্জ। ক্লাস চলাকালীন সময়ে কেন সকল শিক্ষক-কর্মচারীদের সভা অনুষ্ঠানের অনুমতি দেয়া হয়েছে তার যথাযথ ব্যাখ্যা প্রদানের জন্য তাকে অনুরোধ করা হলো।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অফিস নথি।